

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট বিভাগ, সিলেট।
ddsyl@fireservice.gov.bd

২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিনস্থ কার্যালয় সমূহের সাথে ১৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময় : ১৪/০৯/২০২৩ খ্রিঃ ও ১০:০০ ঘটিকা।

স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি জনাব মোঃ মনিরুজ্জামান, উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট সকলের সাথে কুশল বিনিময় করেন। পরবর্তীতে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিনস্থ দপ্তর/ফায়ার স্টেশনের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনায় সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র:নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	জনসচেতনতার লক্ষ্যে অগ্নিদুর্ঘটনা, উদ্ধার ও ভূমিকম্পসহ অন্যান্য দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি রোধকল্পে মহড়া আয়োজন।	২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সরকারি প্রতিষ্ঠান/ আবাসিক ভবন (বহুতল ভবনসহ); বেসরকারি প্রতিষ্ঠান/ আবাসিক ভবন (বহুতল ভবনসহ); বস্তি/আশ্রয়ন প্রকল্প/গুম্বস্ত্রাম/ ঘনবসতিপূর্ণ এলাকা; হাসাপাতাল/স্বাস্থ্য কেন্দ্র/ ক্লিনিক; বাণিজ্যিক/ শপিংমল/বিপনী বিতান/হাটবাজার; স্থল বন্দর/সমুদ্র বন্দর/নৌ-বন্দর/ বিমানবন্দর/লঞ্চঘাট/ফেরীঘাটে; স্কুল/কলেজ/মাদ্রাসায়/বিশ্ববিদ্যালয়ে মহড়ার আয়োজনসহ প্রতি মাসে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, সিনিয়র স্টেশন অফিসার, ও স্টেশন অফিসার(সকল)
০২	জনসচেতনতার লক্ষ্যে টফোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা	স্ব স্ব স্টেশন এলাকায় জনসচেতনতার লক্ষ্যে টফোগ্রাফি ও গণসংযোগ অব্যাহত রাখতে হবে।	সিনিয়র স্টেশন অফিসার ও স্টেশন অফিসার(সকল)
০৩	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রদানকৃত মৌলিক প্রশিক্ষণ	সরকারি প্রতিষ্ঠান/ আবাসিক ভবন (বহুতল ভবনসহ); বেসরকারি প্রতিষ্ঠান/আবাসিক ভবন (বহুতল ভবনসহ); স্কুল/কলেজ/মাদ্রাসায়/বিশ্ববিদ্যালয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান করতঃ প্রতি মাসে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, সিনিয়র স্টেশন অফিসার, ও স্টেশন অফিসার(সকল)
০৪	অগ্নিনিরাপত্তা ব্যবস্থাদি জোরদার করণ	বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে, শপিংমল/বিপনী বিতান/মার্কেট এ পরিদর্শন/সার্ভে পরিচালনা করে প্রতি মাসে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, সিনিয়র স্টেশন অফিসার, ওয়ারহাউজ ইন্সপেক্টর ও স্টেশন অফিসার(সকল)
০৫	জেলা পর্যায়ে ওয়েবসাইট হালনাগাদ করণ	সকল প্রকার তথ্য ও উপাত্ত ওয়েবসাইটে আপলোড সহ হালনাগাদ করতে হবে।	সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক
০৬	আর্কাইভে সংরক্ষনের জন্য ছবি প্রেরণ	আর্কাইভে সংরক্ষনের জন্য গুরুত্বপূর্ণ ছবি জেলা অনুযায়ী বছর ভিত্তিক সাজিয়ে বিষয় অনুযায়ী ভিন্ন ভিন্ন ফোল্ডারে বিন্যস্ত করে ছবির স্থান, তারিখ ও ঘটনা চিহ্নিত করে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, সিনিয়র স্টেশন অফিসার, ওয়ারহাউজ ইন্সপেক্টর ও স্টেশন অফিসার(সকল)

এ বিভাগের সফলতার জন্য সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রত্যেকটি কর্মীর সহযোগীতা কামনা করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

—**স্বাক্ষর**—
মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক
ফোন:-০২৯৯৬৬৪৩৩৯২।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫- ২৪৫২(১৮)


তারিখঃ ২৯ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক(প্রশাসন ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ৪। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৫। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,
- ৬। ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১/২/৩/৪/৫/৬।
- ৭। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, (সকল)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।



মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক

ফোন:-০২৯৯৬৬৪৩৩৯২।